বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের প্রতিরক্ষা সংক্রান্ত:

চার্টার

protecting
Scotland's Children and Young People

SCOTTISH EXECUTIVE

বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের প্রতিরক্ষা সংক্রান্ত:

চার্টার

বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের সুস্পষ্ট বক্তব্য হলো:

বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়ে হিসাবে আমাদের প্রতিরক্ষা পাওয়ার এবং অন্যান্যদের দ্বারা ক্ষতি থেকে নিরাপদ থাকার অধিকার রয়েছে। আমরা যখন অসুবিধা বা সমস্যার সম্মুখীন হই তখন আমরা আশা করি আপনারা:

আমাদের সম্পর্কে জেনে নেবেন

আমাদের সাথে কথা বলবেন

আমাদের কথা শুনবেন

আমাদের কথা বা পরিস্থিতি গুরুত্বের সাথে গ্রহণ করবেন

বিভিন্ন কাজকর্মে বা সিদ্ধান্ত গ্রহণে আমাদেরকে শরীক করবেন

আমাদের একান্ত ব্যক্তিগত ব্যাপার এবং গোপনীয়তাকে সম্মান করবেন

অমাদের কাছে জবাবদিহি করবেন

আমাদের সারা জীবন নিয়ে চিন্তা করবেন।

আমাদের সম্পর্কিত বিবরণ সতর্কতার সাথে ব্যবহার করবেন

সঠিক লোকদের সাথে আমাদের যোগাযোগ করিয়ে দেবেন

আপনার ক্ষমতা খাটিয়ে আমাদেরকে সাহায্য করবেন

যখন যা হওয়ার কথা তা হতে দেবেন

নিরাপদ থাকতে আমাদেরকে সাহায্য করবেন

আমাদের জন্য সবার জন্য - রাজনীতিবিদ, কমিউনিটি, মা-বাবা, পরিবার, পাড়া প্রতিবেশী; পুলিশ, স্বাস্থ্যবিভাগ, সোশ্যাল ওয়ার্ক বিভাগ, শিক্ষা কর্তৃপক্ষ; এবং বাচ্চা ও উঠতি বয়সের ছেলেমেয়েদেরকে সরাসরি সেবা প্রদনকারী লোকদের জন্য, বাচ্চা ও উঠতি বয়সের ছেলেমেয়েদের পক্ষ থেকে তাদের জন্য গুরুত্বপূর্ণ বিষয়াদি সম্পর্কে এবং তাদেরকে প্রতিরক্ষা প্রদানের উপায় সম্পর্কে এটি একটি সুস্পষ্ট বার্তা।

protecting
Scotland's Children and Young People

স্কটল্যাণ্ডের যেসব বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়ে নির্যাতন অথবা অবহেলার ঝুঁকিতে রয়েছে তাদের প্রতি আমাদের ওয়াদাগুলো হলো:

- তোমাদের যখনই প্রয়োজন হবে তখনই সাহায্যের ব্যবস্থা করবো;
- তোমাদের অবস্থা ঠিক আছে না, এবং আরো বিপদের ঝুঁকিতে যাতে না পড়ো তা নিশ্চিত করে নেওয়ার জন্য, কোনো পেশাজীবি যেমন টিচার, ডাক্তার অথবা সোশ্যাল ওয়ার্কার তোমাদেরকে দেখবেন;
- তোমাদের কথা অত্যন্ত গুরুত্ব সহকারে শোনা হবে এবং পেশাজীবিরা তাদের ক্ষমতা ব্যবহার করে তোমাদেরকে সাহায্য করবেন;
- প্রয়োজনীয় ক্ষেত্রে অথবা যখনই তোমরা চাইবে তখনই তোমাদের সাথে গোপনে আলাপের ব্যবস্থা করবো;
- তোমাদের জীবনের সাথে জড়িত সিদ্ধান্ত গ্রহণের সময় তোমাদেরকে শরীক রাখবেন অথবা সিদ্ধান্ত বুঝে নিতে তোমাদেরকে সাহায্য করবো; এবং
- তোমাদেরকে সাহায্য করার জন্য একজন লোক নির্দিষ্ট করে নেবো।

এবং যারা তোমাদেরকে সাহায্য করবেন তারা:

- তোমাদের প্রতিরক্ষার খাতিরে একে অন্যের মধ্যে তথ্যাদি বিনিময় করবেন;
- তোমাদের বাকী জীবনের বাধা বিপত্তি সর্বনিম্ন করে নেবেন;
- তোমাদের পক্ষ থেকে সবাই মিলে এক সাথে কজ করবেন;
- পারদর্শী, আত্ম-বিশ্বাসী, সঠিক ট্রেইনিংপ্রাপ্ত হবেন এবং নিজেদের কাজে সাহায়তা লাভ করবেন; এবং
- সার্ভিসগুলো (সেবাগুলো) মূল্যায়ন করে নিয়ে তোমাদের জন্যকি কি করা হচ্ছে বা কিভাবে করা হচ্ছে, তা জেনে নিয়ে নিয়মিত সার্ভিসগুলো উন্নত করে নেবেন।

বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের প্রতি আমাদের ওয়াদাসমূহ নিশ্চিত করে পূরণ করে নেওয়ার জন্য

স্কটিশ একজিকিউটিভ:

- এই চার্টার বাস্তবায়ন করার জন্য বাচ্চাদের প্রতিরক্ষা সংক্রান্ত আদর্শগুলোর তুলে ধরে একটি জাতীয় এবং বহু-এজেন্সি ভিত্তিক ফ্রেইমওয়ার্ক ফর স্ট্যাণ্ডার্ড্ল প্রকাশ করবে: মার্চ **2004**।
- বাচ্চাদের প্রতিরক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে এবং প্রতিরক্ষা প্রদানের উপায় সম্পর্কে কমিউনিটির মধ্যে সচেতনা গড়ে তোলার জন্য এজেন্সিগুলোর সাথে কাজ করে যাবে: **2004** সালের মার্চ থেকে।
- স্থানীয় কর্তপক্ষগুলোর, এবং স্বাস্থ্য এবং পুলিশ বিভাগের নেতৃস্থানীয় কর্মকর্তাদের কাছ থেকে, তাদের দায়িত্বাধীন সার্ভিসগুলোর উন্নয়ন অব্যাহত রাখার জন্য তারা উন্নত মান নিশ্চিত করে নেওয়ার পদ্ধতিগুলো পর্যালোচনা করে যাতে দেখেন, সেই নিশ্চয়তা গ্রহণ করা হবে: **2004** সালের যে মাস নাগাদ।
- এই চার্টার এবং ফ্রেইমওয়ার্ক সম্পর্কে প্রতিটি চাইল্ড প্রোটেকশন কমিটির এলাকার পেশাজীবিরা যাতে এই চার্টার সম্পর্কে সচেতন থাকেন তা নিশ্চিত করে নেওয়া। **2004** সালের সেপ্টেম্বরের মধ্যে।
- সব এজেন্সিতে এই চার্টার এবং ফ্রেইমওয়ার্ক ফর স্ট্যাণ্ডার্ডস (আদর্শ মানগুলো) বাস্তবায়ন করা হচ্ছে কি না তা পরীক্ষামূলক কর্মসূচীর মাধ্যমে যাচাই করে নেবে: **2004** সালের ডিসেম্বর থেকে।
- বিভিন্ন এলেন্সি এবং বর্তমানে হেল্পলইন প্রদানকারীদের সাথে কাজ করে জাতীয় ভাবে **24** ঘন্টাব্যাপী বাচ্চাদের প্রতিরক্ষা সংক্রান্ত সার্ভিস প্রদান করবে: **2005** সালের মধ্যে।
- বিভিন্ন এজেন্সির সাথে কাজ করা অব্যাহত রেখে এই চার্টারের আদর্শগুলো এবং ফ্রেইমওয়ার্ক ফর স্ট্যাণ্ডার্ডে সত্যিকারের উন্নয়ন আনবে: **2006** সালের মধ্যে।

বাচ্চাদের প্রতিরক্ষা ব্যবস্থার সংস্কার কর্মসূচীর প্রতি আমরা বদ্ধপরিকর রয়েছি এবং পেশাজীবি এবং এজেন্সিগুলোর সাথে কাজ করে যেয়ে এই ওয়াদাগুলো পরিপূরণে তাদেরকে সাহায্য করবো। আমরা নিয়মিত ভাবে অগ্রগতি পর্যালোচনা করে নেবো এবং অগ্রগতির জন্য প্রয়োজনীয় পক্ষেপ গ্রহণ করবো।

বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের নিরাপত্তায় সাহায্য করা আমাদের সবারই দায়িত্ব।

এই চার্টার সম্পর্কে

- বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের বিভিন্ন চাহিদা সম্পর্কে, এবং তারা বিপদাপন্ন থাকলে অথবা কারোর দ্বারা ক্ষতিগুস্ত হয়ে থাকলে প্রতিরক্ষার জন্য তারা কি কি আশা করে, ইত্যাদি বিষয় সম্পর্কে এবং বর্ণনা করা হয়েছে।
- এটি সেসব বাচ্চা এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের সাথে আলাপ করে নিয়ে রচনা করা হয়েছে, যাদের প্রতিরক্ষা এবং সহায়তার প্রয়োজন হয়েছিলো - সমস্যা সম্পন্ন কোনো বাচ্চা কি ধরনের আচরণ কামনা করে, তা তারা এখানে তুলে ধরেছে।
- বাচ্চা এবং উঠতি বয়সের যুবক যুবতীদের একে অন্যের সাথে এবং প্রাপ্ত-বয়স্ক লোকদের সথে কিভাবে চলাফেরা করবে তাও তাদের বক্তব্যগুলো থেকে প্রতিফলিত হয়েছে।
- **11** বছর বয়সের বাচ্চাদের **13**টি আবদারের প্রতি সাড়া দিয়ে **11**টি ওয়াদা প্রদান করা হয়েছে এবং এসব ওয়াদা পূরণের জন্য কি কি কাজ করা প্রয়োজন, তা এই চার্টারে তুলে ধরা হয়েছে।
- ইউনাটেড ন্যাশন্স কনভেনশন অন দি রাইটস অব দি চাইল্ড (**UNCRC**) এর মধ্যে সব বাচ্চা এবং উঠতি বয়সের যুবক যুবতীদের অধিকারসমূহ ব্যাপক ভাকে তুলে ধরা হয়েছে।

এই অনুবাদে মুল ভাষায় লিখিত দলিলের সঠিক বিষয়বস্ত তুলে ধরা হয়েছে বলে মনে করা হয়।

ChildLine
0800 1111

ParentLine Scotland
because ... being a parent isn't easy
0808 800 2222

এই চার্টারটি অনুরোধক্রমে বিভিন্ন আকারে (ফরম্যাটে) প্রদান করা হবে।

www.scotland.gov.uk/childrenscharter

Astron B32720 03-04 (Bengali)